

(প্রেস বিজ্ঞপ্তি)

১৩ মার্চ ২০২৪খ্রি.

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হালিশহর হলি নার্সিং কলেজসহ ৯ প্রতিষ্ঠানের লাইসেন্স ফি ও

জরিমানা বাবদ ২ লক্ষ ১৭ হাজার টাকা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা এর নেতৃত্বে আজ নগরীতে মোবাইল কোর্ট অভিযান পরিচালিত হয়। অভিযান কালে নগরীর ডবলমুরিং থানাধীন হালিশহর বড়পুল এলাকায় ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনা করায় হলি নার্সিং কলেজ থেকে ১ লক্ষ ২৫ হাজার টাকাসহ হালিশহর ও আড়াবাদ এলাকার ৭ প্রতিষ্ঠান থেকে মোট ১,৯৭,৫২৫/- টাকা বকেয়া লাইসেন্স ফি আদায় করা হয়। এই সময় ফুটপাথ দখল করে অবৈধভাবে দোকানের মালামাল রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৩ ব্যক্তিকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮